

সূত্র : জাককানইবি/একাডেমিক/৩৪/০৭/পাট-১/১৭৪০

তারিখ: ২৫/০৭/২০২১ খ্রি:

## টিকা সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সর্বশেষ ২৫/০৭/২০২১ তারিখের নির্দেশনা মোতাবেক জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ৩০ বছরের নীচে বয়সের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের কোভিড-১৯ টিকা কার্যক্রমের জন্য ইউজিসি কর্তৃক নির্ধারিত ছকে জাতীয় পরিচয়পত্র নম্বরসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী প্রদান করে তালিকাভুক্ত হওয়ার জন্য বিভাগ/দপ্তরওয়ারি নামের তালিকা চূড়ান্ত করে বিভাগ হতে জরুরিভিত্তিতে আগামী ২৮/০৭/২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় ইমেইলে জমা দিতে বিশেষভাবে অনুরোধ করছি। এখানে বিশেষভাবে উল্লেখ্য, যারা এ বিষয়ে আগে বিভিন্ন ক্যাটাগরিতে তথ্য প্রদান করেছেন তাদের পুনরায় তথ্য দেওয়ার প্রয়োজন নেই। তাছাড়া এখন সরকারি নির্দেশে বিশ্ববিদ্যালয় বন্ধ রয়েছে বিধায় পুরো কার্যক্রমটি ভার্চুয়ালি/অনলাইনে করার জন্য অনুরোধ করছি।

### তথ্য প্রদানের জন্য ইউজিসির উল্লেখযোগ্য শর্তাবলী:

১. এনআইডি নম্বর নেই এমন কারো তথ্য আপাতত টিকা প্রদানের জন্য প্রেরণ করা যাবেনা,
  ২. এনআইডি থাকার পরও যারা আগে নির্ধারিত সময়ে তথ্য দিতে পারেন নি, তারাও এখন আবারো তথ্য দিতে পারবেন।
  ৩. তবে ভবিষ্যতে যাতে সরকারি ঘোষণা পাওয়া গেলেই তা প্রেরণ করা যায় সেজন্য এনআইডি নেই এমন শিক্ষক, কর্মকর্তা, কর্মচারি ও শিক্ষার্থীদের নামের তালিকা প্রস্তুত করে রাখার জন্য তাদেরকেও তথ্য দেওয়ার জন্য অনুরোধ করা হলো,
  ৪. এনআইডি নম্বর অবশ্যই ইংরেজিতে ও টেক্সট ফরমেটে হতে হবে।
- কাজেই এ বিষয়ে ইউজিসির নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত ছক ও শর্তাবলী সম্বলিত ইউজিসির আদেশের কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে

(কৃষিবিদ ড. মোঃ হুমায়ুন কবীর)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ।

মোবাইল-০১৭১৫-২৮১৮৯২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

মাননীয় ট্রেজারার, সকল অনুষদীয় ডিন, সকল বিভাগ ও দপ্তর প্রধানবৃন্দ (উপাচার্য মহোদয়কে সদয় অবগতকরণসহ)।